

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

বাংলা উপন্যাস ও ছোটগল্প (পর্ব - ২)

কোর্স পি. জি. - ৪.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

প্রতি বর্গ থেকে একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

বর্গ - ক

- ১ক. যদি বলা হয় ব্রতীর মৃত্যুর দ্বিতীয় বার্ষিকীর সকালে একাধিক প্রশ্ন নিয়ে সুজাতার যে অন্বেষণ হয় তার পরিণতিতে এক অনপনেয় ব্যর্থতার বোধ ছাড়া আর কিছুই থাকে না, তাহলে কি তুমি তার সঙ্গে একমত হবে? নাকি তুমি অন্য কোনোভাবে উপন্যাসটি পড়তে চাও? আলোচনা করো।

১০

অথবা

- ১খ. 'হাজার চুরাশির মা' উপন্যাসে 'সন্ধ্যা' অধ্যায়ে কথক বলেন, "...একদিন কি আসবে যেদিন সুজাতা যে কোন জায়গায় যে কোন লোকের কাছে বসে কাঁদবেন, বলবেন ব্রতীর নাম?"

(Turn over)

(2)

“ভাবতেই ভয় করল। শিউরে উঠল বুক। ব্রতী কি সেদিনই মরবে? এখনো কি তাঁর দুঃসহ শোকের বন্দীত্বে ব্রতী বেঁচে নেই?” অথচ এই অধ্যায়েরই একেবারে শেষে থাকে ব্রতীর নাম ধরে সুজাতার আর্ত চিৎকার। একে কি তোমার পরস্পরবিরোধী বলে মনে হয় না? যুক্তিসহ তোমার মত জানাও। ১০

২ক. ‘বিবর’ উপন্যাসে সময়ের চিহ্ন অত্যন্ত স্পষ্ট। উপন্যাস অবলম্বনে এই চিহ্নগুলি স্পষ্ট করো। ১০

অথবা

২খ. যৌন-নৈতিকতার সমাজ আরোপিত শিষ্টাচার, শালীনতা ও মার্জিত প্রলেপকে ছাড়িয়ে বিবর যেন এক দিকচিহ্ন--আখ্যান বয়নে এই আধুনিকতাকে সমরেশ কীভাবে ধরতে চেয়েছেন তা উপন্যাস অবলম্বনে আলোচনা করে দেখাও। ১০

বর্গ - খ

৩ক. মধ্যবিত্তের সংকট ও সমস্যাকে সুবোধ ঘোষ তাঁর ‘গোত্রান্তর’ ও ‘বারবধু’ গল্পে ধরেছেন চরিত্র সৃজনের মুঙ্গিয়ানায়। আলোচনা করো। ১০

অথবা

৩খ. দেশভাগ ও দাঙ্গা ‘পালঙ্ক’ গল্পটিকে ছুঁয়ে থাকলেও বয়ন ও বুননে নরেন্দ্রনাথ মিত্র পৌঁছেছেন এক প্রগাঢ় দার্শনিকতায়--গল্পটির পরিণতি আলোচনা প্রসঙ্গে বিষয়টি স্পষ্ট করো। ১০

(3)

৪ক. জ্যোতিরিন্দ্র নন্দীর একটি সাক্ষাৎকার নেওয়ার সময় সুনীল গঙ্গোপাধ্যায় বলেছিলেন, “...আপনি আসলে নারী ও প্রকৃতি সম্পর্কে একইরকম উদ্বিগ্ন হয়ে ঘোরাফেরা করেন।” ‘সমুদ্র’ ও ‘মঙ্গলগ্রহ’ গল্পদুটি পড়ার সময় সুনীলের এই বক্তব্য তোমার কাছে কী অর্থে কতদূর গ্রহণযোগ্য মনে হয় আলোচনা করো। ১০

অথবা

৪খ. প্রদীপের আলো ও ফিকে ধূপের গন্ধে সদ্যমৃত্যু মাকে নিয়ে তাঁর সন্তানদের যে তর্পণ আরম্ভ হয় তা শেষ পর্যন্ত পরিণত হয় এক মূর্তিভাঙ্গার আখ্যানে। বিমল করের ‘জননী’ গল্প সম্পর্কে এই মন্তব্য কি তোমার সর্বাংশে গ্রহণযোগ্য বলে মনে হয়? যুক্তিসহ তোমার মত জানাও। ১০

অথবা

৪গ. পথ ও ‘সাবধানে পথ চলুন সপ্তাহ’-এর বয়ান দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের অশ্বমেধের ঘোড়া গল্পে কোনো আলাদা মাত্রা যোগ করে কি? আলোচনা করো। ১০

— X —